01 SEP 2016

তারিখ ........ কলাম ........

দৈনিক
ইত্তেফাক

# ইভটিজিংয়ের প্রতিবাদ করায় স্টুডেন্ট কেবিনেট ভিপির ওপর হামলা

■ পিরোজপুর অফিস

স্কুলগামী ছাত্রীদের প্রতি ইভটিজিংয়ের প্রতিবাদ করায় হুলারহাট মাধ্যমিক বিদ্যালয়ের স্টুডেন্ট কেবিনেটের সহ-সভাপতি মো. শাওন শেখের ওপর বখাটেরা হামলা করেছে বলে খবর পাওয়া গেছে। বুধবার সকালে স্কুলে আসার পথে গাজী বাড়ির মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

স্কুল সূত্রে জানা গেছে—কয়েক দিন ধরে স্কুলে আসার পথে স্থানীয় কিছু যুবক ছাত্রীদের ইভটিজিং করে আসছিল। স্কুল স্টুডেন্ট কেবিনেটের ভিপি শাওন এর প্রতিবাদ করে। বুধবার সকালে স্কুলে যাওয়ার পথে গাজী বাড়ির মোড় এলাকায় তার ওপর স্থানীয় বখাটে রোহান, হোসেন, ফরিদ ও শান্ত হামলা চালায়।

এ দিকে, হামলার ঘটনার প্রতিবাদে স্কুলের শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে পিরোজপুর-হুলারহাট সড়ক অবরোধ করে মানববন্ধন পালন করে। পরে পুলিশ এসে বখাটেদের আটকের আশ্বাসে শিক্ষার্থীরা ক্লাসে ফিরে যায়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আলমগীর হোসেন বলেন, 'এ ঘটনায় স্কুলের পক্ষ থেকে থানায় লিখিত অভিযোগ দেয়া হবে।'